


# পার্বত্য চট্টগ্রাম জেলা সমূহে পরিবেশসম্মত ভাবে ইঁদুর ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রকল্প Ecologically based Rodent Management Training at CHTs Project

উন্নত পদ্ধতিতে খাদ্য গুদাম তৈরী করণের নমুনা



**United Nations Development Programme  
Chittagong Hill Tracts Development Facility (CHTDF)**



**Implemented by : AID-COMILLA**

Rodent Research Team in Bangladesh : Dr. Steven R Belmain, NRI, University of Greenwich, UK, Dr. Nazira Q Kamal, Dr. Santosh Kumar Sarker, Mohammad Harun, Md. Nazmul Islam Kadry, Abul Kalam Azad, Rokeya Begum Shafall of AID-COMILLA

# পার্বত্য চট্টগ্রাম জেলা সমূহে পরিবেশসম্মত ভাবে হাঁদুর ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রকল্প

## Ecologically based Rodent Management Training at CHTs Project

### উন্নত শস্যগুদাম তৈরীকরণ প্রণালী (শস্যদানার গুদামটি হাঁদুর প্রতিরোধক করে তৈরীকরণ)

হাঁদুর ব্যবস্থাপনার জন্য অনেকেই ফাঁদ বা বিষটোপ নিয়ে হাঁদুর নিধনের উপর গুরুত্ব দিয়ে থাকে। যদিও পরিবেশ উন্নয়নের মাধ্যমে অধিক টেকসই, পরিবেশসম্মত ও স্থায়ীভাবে হাঁদুর ব্যবস্থাপনা করা সম্ভব। ইহা প্রধানত হাঁদুরের খাদ্য, পানি ও নিরাপদ বাসস্থানের ঘাটতি/অভাব ঘটানোর মাধ্যমে অর্জন করা যায়। পারিবারিক পর্যায়ে বা যৌথভাবে যেখানে খাদ্য গুদামটি হাঁদুর প্রতিরোধক করে তৈরী করা, বাড়ির আশেপাশে হাঁদুরের নিরাপদ বাসস্থান কম রাখার মাধ্যমে হাঁদুরের সংখ্যা ন্যূনতম সংখ্যায় রাখা সম্ভব। কারণ হাঁদুর খাদ্য ও বাসস্থানের অভাবে স্থানত্যাগ করে এবং বংশবিস্তার কমিয়ে দেয়। শস্য গুদামগুলো হাঁদুর প্রতিরোধক করে তৈরী করলে খাদ্যের জন্য হাঁদুর স্থান ত্যাগ করবে ও হাঁদুরের সংখ্যা কমে যাবে এবং গুদামটির খাদ্যদ্রব্যগুলো হাঁদুর খারা ক্ষতির সম্ভাবনা কমে যাবে।

#### উপকারীতা

- \* হাঁদুরের খাদ্য ঘাটতি/অভাব ঘটানোর মধ্যদিয়ে স্থানান্তরের মাধ্যমে হাঁদুরের সংখ্যা কমানো।
- \* মলা-মূত্র, পশম ও গালা দ্বারা রোগ বিস্তারের ঝুঁকি কমানো।
- \* গুদামজাত খাদ্যদ্রব্যের ক্ষতির পরিমাণ কমানো।
- \* গুদামজাত খাদ্য শস্যের বাজার মূল্য তিক রাখা।

#### গুরুত্বপ্রণালী

পার্বত্য অঞ্চলের ঘরগুলোর সাধারণত মাচার উপর হয়ে থাকে। যেখানে মাচাটিই মেঝে হিসাবে কাজ করে কিন্তু সমতল জমির ঘরগুলো মাটির মেঝে। তাই পার্বত্য অঞ্চলে শস্য গুদামটি উন্নত করতে হলে মাচার উপর শক্ত কাঠের ফ্রেম ব্যবহার করতে হবে যাতে গুদামটি ফ্রেমের উপর দাঁড়িয়ে থাকতে পারে।

#### উপকরণ

কাঠ, হাতুড়ী, ডোলা (বাঁশের তৈরী), বাঁশ, টিনের পেন সীট, সিকার (টিন কাটার জন্য), পেয়েগ, ক্রাত ইত্যাদি

#### সতর্কতা

- \* ডোলাটি দেয়াল থেকে ১ হাত দূরে স্থাপন করতে হবে। যাহাতে হাঁদুর লাফ দিয়ে ডোলে আসতে না পারে।
- \* ডোলাটি কাঁদামাটি বা প্রাণীর গোবর দিয়ে লেপে বন্ধ করে দিতে হবে।
- \* ডোলের উপরের অংশ ঢাকার জন্য টিনের পাতটি এমনভাবে তৈরী করতে হবে যাতে ৬ ইঞ্চি পরিমাণ বাড়তি থাকে।

#### পদ্ধতি

- \* তিন ফুট লম্বা ৪ ইঞ্চি চওড়া এবং ১.৪ ইঞ্চি পুরুত্ব বিশিষ্ট চার শক্ত কাঠের তক্তা দ্বারা একটি ফ্রেম তৈরী করি।
- \* ১৮ ইঞ্চি লম্বা ২ ইঞ্চি চওড়া ও ২ ইঞ্চি পুরুত্ব বিশিষ্ট চারটি তৈরীকৃত পায়ী ফ্রেমের চারকোনায়ে স্থাপন করি।
- \* ১৮ ইঞ্চি ব্যাস বিশিষ্ট টিনের পাতের বৃত্তটির কেন্দ্রবিন্দুতে এমনভাবে একটি ছিদ্র তৈরী করতে হবে যাহাতে পায়ীটির মধ্যে টিনের পাতটি চুকানো যায়।
- \* অতঃপর পাতটির কেন্দ্র পায়ীর সাথে পেরেগ দিয়ে আটকিয়ে দিতে হবে যাতে হাঁদুর পায়ী দিয়ে উপরে উঠতে না পারে। অথবা পায়ী ও টিনের মাঝখানে কোন ছিদ্র না থাকে। টিনের বাড়তি অংশ (প্রান্ত) ৬ ইঞ্চি পরিমাণ ঝুলানো থাকবে যাহা হাঁদুরকে ডোলে উঠতে বাধা বা প্রতিরোধ করবে।
- \* পায়ীর উপরের অংশে কাঠের ফ্রেম গুলো তিক মত আটকিয়ে দেই।
- \* ফ্রেমের উপর ৩.৬ ইঞ্চি করে সাইজ করা কাটা বাঁশগুলো এমনভাবে আটকিয়ে দেই যাতে পাশাপাশি বাঁশের মধ্যে সামান্য ফাঁক থাকে।
- \* বাঁশের মাচার উপর ডোলাটি এমনভাবে বসাই যাতে কোন দিকে কম বা বেশী না হয়ে মাচার মাঝখানে থাকে।
- \* অতঃপর ডোলাটি খাদ্যদ্রব্য বা শস্য দ্বারা পূর্ণ করি।
- \* ডোলের উপর দিয়ে টিনের পাতটি এমনভাবে বসিয়ে দেই যাতে টিনের পাত ও ডোলের সংযোগ স্থানে কোন ফাঁক না থাকে।



United Nations Development Programme  
Chittagong Hill Tracts Development Facility (CHTDF)



Implemented by : AID-COMILLA

Rodent Research Team in Bangladesh : Dr. Steven R Belmain, NRI, University of Greenwich, UK, Dr. Nazra Q Kamal, Dr. Santosh Kumer Sarker, Mohammad Harun, Md. Nazmul Islam Kadry, Abul Kalam Azad, Rokeya Begum Shafali of AID-COMILLA